



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

পাঠক্রম শাখা

---



মুজিব  
শতবর্ষ  
100

নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০০১.২০.২৮

তারিখ: ১৯ চৈত্র ১৪২৮

০২ এপ্রিল ২০২২

### অফিস আদেশ

আসন্ন রমজান মাসে বিপিএটিসিতে চলমান প্রশিক্ষণ কোর্সসমূহের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে:

- ক. চলমান প্রশিক্ষণ কোর্সসমূহে সকাল ৯:০০টা হতে প্রথম অধিবেশন শুরু হবে;
- খ. সকালের পিটি ও বৈকালিক খেলাধুলা সংশ্লিষ্ট অধিবেশন অনুষ্ঠিত হবেনা। এর পরিবর্তে প্রশিক্ষণার্থীগণ স্থানের প্রাপ্যতাসাপেক্ষে বিকাল ৫.৩০টা হতে ইফতারের ১৫ মিনিট পূর্ব পর্যন্ত লাইব্রেরি সংযুক্তি কার্যক্রমে অংশগ্রহণ করবেন এবং উক্ত সংযুক্তি শেষে সরাসরি সংশ্লিষ্ট ক্যাফেটেরিয়ায় ইফতারে যোগদান করবেন।
- গ. ইফতারে অংশগ্রহণের জন্য পুরুষ প্রশিক্ষণার্থীগণ নেমব্যাঙ্গসহ পায়জামা-পাঞ্জাবী (মুসলিম প্রশিক্ষণার্থীবৃন্দ) এবং নারী প্রশিক্ষণার্থীগণ নেমব্যাঙ্গসহ শাড়ী পরিধান করবেন।
- ঘ. রমজান মাসে সাক্ষ্যকালীন অধিবেশন পরিচালিত হবেনা; তবে প্রয়োজনসাপেক্ষে সাপ্তাহিক ছুটির দিনে প্রশিক্ষণ আয়োজন করা যাবে;
- ঙ. রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত লাইব্রেরি সকাল ৯.০০টা থেকে ইফতারের ১৫ মিনিট পূর্ব পর্যন্ত পর্যন্ত খোলা থাকবে। তাছাড়া শুক্র ও শনিবারে দুপুর ২.৩০টা থেকে ইফতারের ১৫ মিনিট পূর্ব পর্যন্ত লাইব্রেরি খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- চ. এ সময়ে কেন্দ্রের প্রশিক্ষণ সংশ্লিষ্ট কম্পিউটার ল্যাব দুপুর ৩.৩০টার মধ্যে বন্ধ হয়ে যাবে। তবে প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে কেন্দ্রের লাইব্রেরিতে অবস্থিত কম্পিউটার ল্যাব ইফতারের ১৫ মিনিট পূর্ব পর্যন্ত খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ছ. অন্যান্য ধর্মাবলম্বী প্রশিক্ষণার্থী ছাড়াও যারা রোজা পালন করবেন না তাদের জন্য বিপিএটিসি'র প্রচলিত রীতি অনুযায়ী পৃথকভাবে খাবারের ব্যবস্থা রাখতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কোর্স ব্যবস্থাপনা টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০২। উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং পহেলা রমজান হতে এ নির্দেশনাসমূহ কার্যকর হবে।

২-৪-২০২২

হাসান মুর্তাজা মাসুম

পরিচালক (পিপিআর)

ফোন: ০২২২৪৪৪৬৬০৭

ফ্যাক্স: ০২২২৪৪৪৫০২৯


ইমেইল: ppr.bpatc@gmail.com

নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০০১.২০.২৮/১(১০০)

তারিখ: ১৯ এপ্রিল ২০২২  
০২ এপ্রিল ২০২২

অবগতি ও প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অনুযায়ী সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা
- ২) কোর্স পরিচালক, ....., বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা
- ৩) রেক্টর-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



২-৪-২০২২

হাসান মূর্তাজা মাসুম  
পরিচালক (পিপিআর)